

বিশ্বের সব চেয়ে বড় বিমানবন্দর নির্মাণ কাজ শুরু করেছে দুবাই

- A Monitor Desk Report

Date: 29 April, 2024



দুবাই: আল মাকতুম আন্তর্জাতিক বিমানবন্দরে বিপুল যাত্রী ধারণক্ষমতাসম্পন্ন একটি টার্মিনাল নির্মাণের মধ্য দিয়ে বিশ্বের সবচেয়ে বড় বিমানবন্দর গড়তে চলেছে আরব আমিরাতে দুবাই।

দুবাইয়ের শাসক এবং সংযুক্ত আরব আমিরাতে প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ বিন রশিদ আল-মাকতুম বিমানবন্দরের নতুন এই প্যাসেঞ্জার টার্মিনালের চূড়ান্ত নকশা অনুমোদন করেছেন। টার্মিনালটি নির্মাণে ৩ হাজার ৪৮৫ কোটি ডলার ব্যয় হবে বলে জানিয়েছেন তিনি।

মাকতুম বলেন, এই টার্মিনাল নির্মাণ শেষ হলে আল মাকতুম হবে ২৬ কোটি যাত্রী ধারণক্ষমতাসম্পন্ন বিশ্বের সবচেয়ে বড় আন্তর্জাতিক বিমানবন্দর। একইসঙ্গে এটি হবে দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরের চেয়ে পঁচগুণ বড় আকারের।

আগামী দিনগুলোতে দুবাই বিমানবন্দরের সব কাজ আল মাকতুমে স্থানান্তর করা হবে বলে জানিয়েছেন রশিদ আল-মাকতুম। তিনি বলেন, এ বিমানবন্দরে ৪শ'টি টার্মিনাল গেট এবং ৫ টি রানওয়েও থাকবে।

স্থানীয় বৃহত্তর বিমান পরিবহন সংস্থা এমিরেটস এবং এর ছোট অংশীদার ফ্লাইদুবাই এ বিমানবন্দরে স্থানান্তরিত হবে।

তাছাড়া, দুবাই থেকে বিশ্বের অন্যান্য দেশে যাতায়াত করা অন্যান্য সব অংশীদার এয়ারলাইন্সও এখান থেকে পরিচালিত হবে বলে জানিয়েছেন, দুবাইয়ের রাষ্ট্রায়ত্ত্ব এয়ারলাইন্স এমিরেটস এর চেয়ারম্যান শেখ আহমেদ বিন সাঈদ আল-মাকতুম।

দুবাই বিমানবন্দরগুলোর নির্বাহী কর্মকর্তা পল গ্রিফিথস বলেছেন, “এ পদক্ষেপ বিশ্বমঞ্চে নেতৃস্থানীয় বিমান চলাচল কেন্দ্র হিসাবে দুবাইয়ের অবস্থানকে আরও সুদৃঢ় করবে।”

